



সংবাদ বিজ্ঞপ্তি

নোবিপ্রবি ও জাপানের বিশ্ববিদ্যালয়ের মধ্যে গবেষণালঞ্চ অভিজ্ঞতা বিনিময়

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের (নোবিপ্রবি) বায়োটেকনোলজি এন্ড জেনেটিক ইঞ্জিনিয়ারিং বিভাগের আয়োজনে “Research Knowledge sharing among NSTU and Japanese Universities” শীর্ষক সায়েন্টিফিক সেশন আজ সোমবার (২৬ সেপ্টেম্বর- ২০২২) নোবিপ্রবির একাডেমিক ভবন-২ এর ভিডিও কনফারেন্স রুমে অনুষ্ঠিত হয়েছে। উক্ত অনুষ্ঠানে প্রধান অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির মাননীয় উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম।

অনুষ্ঠানে জাপানের রাকুনো গাকুয়েন বিশ্ববিদ্যালয়, হোকাইডোর সহকারী অধ্যাপক ড. বিয়োতা মাত্সুয়ামা ‘Data analysis for One Health Application of epidemiological methodology for solving real-world problems’ শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন এবং জাপানের হিরোশিমা বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. মিশির রহমান ‘Child Health, Maternal Health and Global Health Challenges’ শীর্ষক প্রবন্ধ উপস্থাপন করেন।

এসময় নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়ের উপাচার্য অধ্যাপক ড. মোঃ দিদার-উল-আলম জাপানের ড. বিয়োতা মাত্সুয়ামা এবং হিরোশিমা বিশ্ববিদ্যালয়ের সহযোগী অধ্যাপক ড. মিশির রহমানকে স্বাগত জানান। সংক্ষিপ্ত বক্তব্যে নোবিপ্রবির মাননীয় উপাচার্য বলেন, ‘বিশ্ববিদ্যালয়গুলোর মধ্যে এ ধরণের গবেষণালঞ্চ অভিজ্ঞতা বিনিময় খুবই কার্যকরি। যা পরবর্তীতে আমাদের শিক্ষার্থীদের বিভিন্ন গবেষণা ক্ষেত্রে কাজে লাগবে।’ এ ধরণের আয়োজনের জন্য আয়োজকদের প্রতি ধন্যবাদ জানান মাননীয় উপাচার্য।

নোবিপ্রবি বিজিই বিভাগের চেয়ারম্যান ড. মোহাম্মদ মফিজুল ইসলামের সভাপতিত্বে অনুষ্ঠানে বিশেষ অতিথি হিসেবে উপস্থিত ছিলেন নোবিপ্রবির কোষাধ্যক্ষ প্রফেসর ড. মোঃ ফারাক উদ্দিন, বিজ্ঞান অনুষদের ডীন (ভারপ্রাপ্ত) ড. মো: আতিকুর রহমান ভূইয়া। অনুষ্ঠানে আরও উপস্থিত ছিলেন নোবিপ্রবি শিক্ষক সমিতির সভাপতি ও শিক্ষা বিজ্ঞান অনুষদের ডিন অধ্যাপক ড. নেওয়াজ মোহাম্মদ বাহাদুর, শিক্ষক সমিতির সাধারণ সম্পাদক অধ্যাপক ড. ফিরোজ আহমেদসহ বিভাগের শিক্ষক-শিক্ষার্থীবৃন্দ।

R. Naeemuzz

রায়হান কায়সার হাশেম

সহকারী রেজিস্ট্রার

জনসংযোগ ও প্রকাশনা দপ্তর

নোয়াখালী বিজ্ঞান ও প্রযুক্তি বিশ্ববিদ্যালয়।

